হাইকোর্টের নির্দেশে ভেঙে দেওয়া হল জীবন্তি বাজারের ৯ টি দোকান, মালিকের বিরুদ্ধে ২৩ লক্ষ টাকা প্রতারণার অভিযোগ

দুরন্ত বার্তা, কান্দি, ২৪ জুলাই ঃ জীবন্তি বাজারে ভেঙেফেলা হল নয়টি অবৈধ নির্মিত দোকান। এলাকায় শান্তি - শৃঙ্খলা বজায় রাখতে জীবন্তি বাজারে ছিল ১৪৪ ধারা জারি করা হয়েছিল। কান্দি থানার নেতৃত্বে ছিল বিশাল পুলিশ বাহিনী। কান্দি মহকুমার ভরতপুর এবং বড়এগ্রার পর এবার মুর্শিদাবাদের কান্দি থানার জীবন্তি বাজারে ভাঙা হলো অবৈধ নির্মাণ। জানা গিয়েছে, পূর্ত দপ্তরের জায়গায় তৈরি হয়েছিল ৯ টি দোকান ঘর । হাইকোর্টের নির্দেশে সোমবার সকাল থেকে শুরু হয় সেই দোকান ঘরগুলির ভাঙার কাজ। অপ্রীতিকর ঘটনা এড়াতে এলাকায় উপস্থিত ছিলেন এসডিপিও কান্দি থানার আই সি, বিডিও সহ বিশাল পুলিশ বাহিনী। প্রসঙ্গত জীবন্তি বাজারে ৩৪১৬ , ৩৪১৭ এবং ৩৪১৮ দাগের মোট ২০ শতক জায়গার মধ্যে নয় শতক জাগার উপর ২০২২ সালের মে মাসে প্রথম মামলা করেছিলেন সুভাশীষ চন্দ্র । সেই মামলার ভিত্তিতে হাইকোর্ট থেকে দোকান ঘরগুলো ভেঙে ফেলার প্রথম অর্ডার হয়েছিল । যদিও এই অর্ডারের বিরুদ্ধে হাইকোর্টে দ্বারস্থ হয়েছিলেন মানুয়ার সেখ, হাওয়াজ আলি সহ নয়জন দোকানদার। এরপর হাইকোর্টের পক্ষ থেকে জেলা শাসকের কাছে তদন্তের ভার দেওয়া হয় । তদন্তের পর ২০২৩ সালের জুন মাসের ১৪ তারিখ ভাঙার নির্দেশ হয়েছিল। কিন্তু পঞ্চায়েত ঘোষণা হওয়ায় পর পর্যাপ্ত পরিমাণে ফোর্স না থাকায় এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছিল। তবে ১৪ তারিখের অর্ডারের ভিত্তিতেই সোমবার জীবন্তি বাজারের নয়টি অবৈধ দোকান ভেঙে দেওয়া হয়। এই বিষয়ে জীবন্তি বাজারের ভেঙে ফেলা ৯ টি দোকানদারদের হয়ে মানুয়ার সেখ বলেন আমারা ২৩ লক্ষ ৭০ হাজার টাকা দিয়ে সুভাশীষ চন্দ্র, আলাইচাঁদ সেখসহ পাঁজ জনের কাছে ২০১৬ সালে জায়গা কিনে ব্যবসা করি। অথচ তারা আমাদের সঙ্গে কাগজ কলমে বেইমানী করে পেটের ভাত কেড়ে নিচ্ছে। আমাদের সংসার চলবে কী করে! আমরা খাব কী? যদিও সুভাশীষ চন্দ্রের দাবী আমি তো ওদের কাছে টাকা নিইনি, কাকে টাকা দিয়েছে বলতে পারব না। যাদেরকে টাকা দিয়েছে তাদের সঙ্গে বোঝাপাড়া করে নিক। আমার কাগজ অনুযায়ী নিজের জায়গা ফিরে পেয়েছি, হাইকোর্টের রায়কে স্বাগত জানাচ্ছি।

শহরের পানীয় জলের সমস্যা সমাধানে আয়োজিত হলো বৈঠক

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ জুলাই ঃ শিলিগুড়ি শহরের পানীয় জলের সমস্যা সমাধানে শিলিগুড়ি পুরনিগমের প্রধান কার্যালয়ে আধিকারিকদের সঙ্গে বৈঠক সারলেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। জল সমস্যা সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে আলোচনা হয় এদিন। সোমবার পুরনিগমের প্রধান কার্যালয়ে আয়োজিত এই বৈঠকে উপস্থিত

ছিলেন PHE, সেচ ও অন্যান্য দপ্তরের আধিকারীকেরা। মূলতঃ শিলিগুড়ি শহরের পানীয় জলের সমস্যা সমাধানে একটি বড় প্রকল্প নিয়েছে শিলিগুড়ি পুরনিগম। তার পাশাপাশি এই পানীয় জলের সমস্যা সমাধানে আর কি কি করনীয় রয়েছে সে সমস্ত বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য, পানীয় জলের সমস্যায় ভুগছে শিলিগুড়ি শহরবাসী। পুরনিগমের বিভিন্ন ওয়ার্ডে পানীয় জল সরবরাহ নিয়ে সমস্যা দেখা যায়। কোনো কোনো ওয়ার্ডে জল পৌঁছায় না কোথাও বা খুব কম সময় জল সরবরাহ হয়। সেই সমস্ত সমস্যা সমাধানের লক্ষ্যে এই বৈঠক হয়।

লোকাল ট্রেনে দেরির প্রতিবাদে খড়গপুর শাখায় রেল অবরোধ

দুরন্ত বার্তা, খড়্গপুর, ২৪ জুলাই ঃ নিত্যদিন দেরি করে লোকাল ট্রেন। তার প্রতিবাদে রেল অবরোধ স্থানীয়দের। সপ্তাহের প্রথম কর্মব্যস্ত দিনে খড়গপুরের ভোগপুর স্টেশনে যাত্রী বিক্ষোভ হয়। তার জেরে ব্যাহত রেল পরিষেবা। অবরোধের জেরে বিভিন্ন স্টেশনে দাঁড়িয়ে পড়েছে একের পর এক লোকাল ও দূরপাল্লার ট্রেন। সোমবার সকালে ঘড়িতে প্রায় ৮ টা ২০। অফিস যাতায়াতকারীদের ভিড় স্টেশনে। আচমকাই রেল অবরোধ। স্টেশনে পৌঁছেও দাঁড়িয়ে থাকে ট্রেন। রেললাইনে নেমে বিক্ষোভ দেখায় উত্তেজিত জনতা। জনতার অভিযোগ, নিত্যদিন দেরি করে লোকাল ট্রেন। তার ফলে গন্তব্যে পৌঁছতে দেরি হয়ে যায়। রেল কর্তৃপক্ষকে অবিলম্বে সমস্যা সমাধান করতে হবে বলেও দাবি তাঁদের। প্রায় দু'ঘণ্টা ধরে একটানা চলে রেল অবরোধ। তার জেরে একাধিক স্টেশনে আটকে পড়ে বহু লোকাল ও দূরপাল্লার ট্রেন। ভোগান্তির শিকার হন নিত্যযাত্রীরা। তবে রেল কর্তৃপক্ষের আশ্বাসে অবশেষে অবরোধ উঠে যায়। পরিস্থিতি স্বাভাবিক হয়।

একটানা ১৮ দিন ধরে স্কুল বন্ধ থাকায় ক্ষুব্ধ ছাত্রছাত্রীরা অবরোধ সামিল

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৪ জুলাই ঃ দিনহাটার ভেটাগুড়ির লাল বাহাদুর শাস্ত্রী হাই স্কুল গত ৬ জুলাই থেকে একদিকে ভোটের কারণে অন্যদিকে কেন্দ্রীয় বাহিনী ওই স্কুলে থাকায় বন্ধ রয়েছে স্কুল। একটানা ১৮ দিন ধরে স্কুল বন্ধ থাকায় ক্ষুব্ধ ছাত্রছাত্রীরা সোমবার পথ অবরোধ করলো।

দিনহাটা কোচবিহার রাজ্য সড়কের ভেটাগুড়ি লালবাহাদুর শাস্ত্রী হাই স্কুলের সামনেই স্কুলের ছাত্র-ছাত্রীরা পথ অবরোধ করলে বন্ধ হয়ে যায় যান চলাচল। সমস্যায় পড়তে হয় নিত্যযাত্রী থেকে শুরু করে সাধারণ মানুষকে। ছাত্র-ছাত্রীরা জানান, গত ১৮ দিনেরও বেশি সময় ধরে স্কুল বন্ধ রয়েছে। ভোটের পর কেন্দ্রীয় বাহিনী এখনও স্কুলে রয়েছে। যার ফলে স্কুল বন্ধ। আমাদের পড়াশোনা বন্ধ হয়ে গেছে। এই নিয়ে প্রশাসনের কোনো হেলদোল নেই। আমরা পড়াশোনা করতে পারছি না, সামনেই মাধ্যমিক পরীক্ষা এখনো পর্যন্ত আমাদের পরীক্ষার সিলেবাস পর্যন্ত জানানো হয়নি। প্রশাসন যদি অবিলম্বে কোনো ব্যবস্থা না নেয় তাহলে আমরা স্কুলে তালা ঝুলিয়ে দিব। স্কুলের প্রধান শিক্ষক সুশান্ত কুমার রায়, পুলিশ এবং ব্লক প্রশাসনকে বিষয়টি জানিয়েছেন। প্রধান শিক্ষক জানান, কেন্দ্রীয় বাহিনী কবে স্কুল ছাড়বে সেটা পুলিশ ও প্রশাসন উভয়পক্ষই কেউ সঠিক ভাবে জানাতে পারেনি। যার জন্য স্কুল বন্ধ থাকায় ব্যাহত হচ্ছে পঠনপাঠন। স্কুল বন্ধের নির্দেশ পেয়েছিলাম কিন্তু স্কুল খোলার এখনো কোনো নির্দেশ আমাদের হাতে এসে পৌঁছায়নি।

ভার্নোবাড়ি চা বাগানে শ্রমিক অসন্তোষ, চলছে বিক্ষোভ

দুরন্ত বার্তা, হাসিমারা, ২৪ জুলাই ঃ ডুয়ার্সের ভার্নোবাড়ি চা বাগানে শ্রমিক অসন্তোষের জেরে উত্তপ্ত হয়ে উঠল এলাকা । সোমবার সকাল থেকে বাগানের শ্রমিকরা কাজে না গিয়ে একাধিক দাবিতে ফ্যাক্টরি গেটের সামনে বিক্ষোভে শামিল হন। কাজ বন্ধ করে ধর্ণায় বসেন শ্রমিকরা। শ্রমিকদের অভিযোগ, বাগান কর্তৃপক্ষ নির্দিষ্ট কাজের সময়সীমা হঠাৎ করে বাড়িয়ে দিয়েছে। এছাড়াও চা গাছে কীটনাশক ছেঁটানোর দায়িত্বে থাকা শ্রমিকদের মজুরি থেকে বাগান কর্তৃপক্ষ অন্যায়ভাবে পাঁচ টাকা করে মজুরি কেটে নিচ্ছে। তাঁদের আরও অভিযোগ, শ্রমিকরা অসুস্থ হলে সঠিকভাবে অ্যাম্বুল্যান্স পরিষেবা দেওয়া হচ্ছে না। এসব নানা অভিযোগ তুলে এদিন আন্দোলনে নামেন তাঁরা। দ্রুত সমস্যার সমাধান না হলে বৃহত্তর আন্দোলনে নামারও হুঁশিয়ারি দিয়েছেন শ্রমিকরা। সমস্যা সমাধানে বাগান কর্তৃপক্ষের তরফে শ্রমিক সংগঠনের নেতাদের নিয়ে আলোচনা করা হচ্ছে।

বধূকে মেরে ঝুলিয়ে দেওয়ার অভিযোগ শ্বশুরবাড়ির বিরুদ্ধে

দুরন্ত বার্তা, খড়গ্রাম, ২৪ জুলাই ঃ বাড়ির অমতে প্রতিবেশীর মেয়েকে বিয়ে করেছিল এক যুবক। আর সেই থেকেই বধূকে দেখতে পারত না শ্বশুর বাড়ির লোকেরা। তার শেষ পরিণতি হল মৃত্যু। সোমবার সকালে শ্বশুর বাড়িতে বধূর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়ালো মুর্শিদাবাদের খড়গ্রাম থানা এলাকায়। পুলিশ খবর পেয়ে দেহ উদ্ধার করে কান্দি মহকুমা হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠায়। ঘটনাটি ঘটে খড়গ্রাম থানার ভাটকান্দা গ্রামে। যদিও বধূর বাবার বাড়ির লোকেরা অভিযোগ, তাদের মেয়েকে শ্বশুরবাড়িতে খুন করে ঝুলিয়ে দেওয়া হয়েছে। তবে ইতিমধ্যেই পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। খড়গ্রাম থানার পুলিশ জানিয়েছে, মৃত বধূর নাম হাসিনা খাতুন (১৯)। বাবার বাড়ি এবং শ্বশুরবাড়ি একই (ভাটকান্দা) গ্রামে। ঘটনার তদন্ত শুরু করা হয়েছে। ভাটকান্দা গ্রামের বাসিন্দারা জানিয়েছেন, এক বছর আগে বিয়ে হয়েছিল এই গ্রামের এই যুবক জিতারুল শেখের সাথে হাসিনা খাতুনের। জিতারুল বর্তমানে সৌদি আরবে কর্মরত। গৃহবধূ হাসিনা খাতুন শ্বশুর বাড়িতেই থাকতো। স্বামী না থাকার জন্য এবং পারিবারিক কারণে প্রায় মারধর করা হতো হাসিনা কে। অপরদিকে গৃহবধূর মা মঞ্জেরা বিবি জানিয়েছেন, এক বছর আগে মেয়ের বিয়ে দেওয়া হলেও বিয়ের পর আর একদিনের জন্য আমাদের বাড়িতে ওরা আমার মেয়েকে আসতে দেয়নি। যখনই বলেছি মেয়েকে আনার কথা তখনই শ্বশুরবাড়ির লোকেরা মেয়ের উপর অত্যাচার করেছে। আমার মেয়ে সবকিছু মুখ বুজে সহ্য করেছে। দুদিন আগেই আমার মেয়ে জেদ ধরেছিল আমার বাড়িতে আসবে। শ্বশুর বাড়ির লোকেদের কাছে অনুমতি চাইতেই ওর উপরে অত্যাচার মারধর শুরু হয়। আমরা খবর পাই মেয়ে আত্মঘাতী হয়েছে। আমাদের ধারণা মেয়েকে শ্বশুরবাড়ির লোকেরা দেখতে না পারার জন্যই মেরে ঝুলিয়ে দিয়েছে। ওদের সকলের বিচার চায়।

শ্রাবণ মাসের সোমবার শিলিগুড়ির জঙ্গলি বাবা মন্দিরে ভক্তদের ভিড়

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ জুলাই ঃ শুরু হয়েছে শ্রাবণ মাস শিবের মাথায় জল ঢালতে বাঙালির প্রথম সোমবারে ভিড় করতে শুরু করেছেন পুণ্যার্থীরা। এদিন এমনি দৃশ্য ধরা পড়ল আমাদের ক্যামেরায় শিলিগুড়ি লাগুয়া বাগডোগরা জংলিবাবা মন্দিরে। এদিন বনাঞ্চলের ভিতর মন্দির হওয়ায় বনদপ্তরের পক্ষ থেকে পুণ্যার্থীদের ভেতরে প্রবেশের সুব্যবস্থা করা হয়েছে। অন্যদিকে মন্দিরে ভিড় করেছেন বিভিন্ন গ্রামের ও শহরের মানুষ। দূর দুরান্ত থেকে পুজো দিতে আসছে। সকাল থেকেই দীর্ঘ লাইন দাঁড়িয়ে পুজো দিচ্ছেন পুণ্যার্থীরা। এই মন্দির ১৯৬২ সালে থেকে পুজো করা হচ্ছে। এই মন্দির মূল দায়িত্বে রয়েছে ব্যাংকডুবি সেনাবাহিনীর জাওয়ানরা। বনাঞ্চল হওয়ায় বনদপ্তরের দায়িত্বে। আর প্রতিনিয়ত এই জঙ্গলে হাতি যাতায়াতের আনাগোনা রয়েছে। তাই বিভিন্ন জায়গায় বনকর্মীদের দাঁড় করিয়ে রাখা হয়েছে। অন্যদিকে পুণ্যার্থীদের মধ্যে ও মন্দিরের পূজারীরা প্রশ্ন উঠতে শুরু করেছে। এ বছর বনদপ্তর জনপ্রতি ২০ টাকা ও বাইক পার্কিংয়ের জন্য ২০ টাকা নেওয়া হচ্ছে কেন। এটাই প্রশ্ন করছে সাধারণ মানুষ কারণ মন্দিরে প্রবেশ করতে গেলে কোন টিকিট কাটতে হয় না সাধারণ মানুষকে। কারণ সেটির দায়িত্ব রয়েছে সেনা বাহিনীর হাতে। তবে বনদপ্তর কেন প্রবেশের সময় টিকিট কেটে প্রবেশ করাচ্ছেন। সেই বিষয় বনদপ্তরের আধিকারিকদের কোন বক্তব্য পাওয়া যায়নি। পাশাপাশি রীতিমতো বাগডোগরা পুলিশ প্রশাসন ও ট্রাফিক গার্ডেন অফিসাররা দায়িত্ব পালন করছেন। পুজো ঘিরে রীতিমতো মেলার উৎসব তৈরি হয়েছে। মন্দির থেকে প্রায় এক কিলোমিটার দূরে বসেছে ছোট মেলা। অন্যদিকে বিভিন্ন সংস্থার পক্ষ থেকে পুণ্যার্থীদের খাওয়ানো হচ্ছে খিচুড়ি প্রসাদ।

চ্যানেল মারফত জলঢাললেন পুণ্যার্থীরা, পরিদর্শন করলেন পুলিশ সুপার

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৪ জুলাই ঃ মহামান্য হাইকোর্টের নির্দেশে গত রবিবার থেকে ঐতিহ্যবাহী জল্পেশ মন্দিরে গর্ভ গৃহে প্রবেশ নিষেধ করা হয়। বিকল্প ব্যবস্থা হিসেবে চ্যানেল মারফত পাইপ দিয়ে জল ঢালার ব্যবস্থা গ্রহণ করা হয়। আর সেই দৃশ্য জয়েন্ট স্ক্রিনে দেখানো হবে। সেই অনুযায়ী রবিবার থেকে এই প্রক্রিয়া শুরু হয়। তবে আদালতের নির্দেশে এই ব্যবস্থায় অনেকেই খুশি পুণ্যার্থীরা। তারা জানিয়েছেন এই ব্যবস্থার ফলে ভিড় অনেকটাই কম হচ্ছে। তাড়াতাড়ি জল ঢালা যাচ্ছে মন্দিরে। তাছাড়া জল যে শিব লিঙ্গে পৌঁছাচ্ছে তা দেখা যাচ্ছে স্ক্রিনে। এদিকে এই ব্যবস্থার জন্য বন্ধ করে দেওয়া হয়েছে টিকিট কাউন্টার। ফলে টিকিটের ভেদাভেদ অনেকটাই এড়ানো গেছে বলে জানা গেছে। রবিবার থেকে এই পদ্ধতি চালু হওয়ায় পুলিশি নিরাপত্তায় বিষয়টিও বেশ জোরদার করা হয়েছে। মন্দির চত্বর সহ, পুকুর, পার্কিং, রাস্তা সমস্ত জায়গায় পুলিশ মোতায়েন রয়েছে। সোমবার সকালে সমস্ত বিষয় দেখতে আসেন জেলা পুলিশ সুপার উমেশ গনপত খাণ্ডবাহালে।

চলে গেলেন সহজিয়া বাউল

দুরন্ত বার্তা, জয়দেব, ২৪ জুলাই ঃ জয়দেব কেন্দুলির কদমখণ্ডির ঘাটের কাছে মনের মানুষ আখড়ার সাধন দাস বৈরাগ্য চলে গেলেন না ফেরার দেশে। পূর্ব বর্ধমানের আশ্রমে রাতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। কয়েক মাস ধরে ক্যানসার রোগে চিকিৎসাধীন ছিলেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল বাহাত্তর। রেখে গেলেন দেশ বিদেশে পাঁচশর অধিক শিষ্য ও শিষ্যা। তিনি বলতেন, আমরা ধর্মাধর্ম কিছু মানি না। আমরা শুধু মানি প্রেমানন্দ। আমরা শুধু আনন্দে ভাসতে চাই। জয়দেব কেন্দুলির মেলাকে বলতেন, মিলন মেলা, মহা সমুদ্র। এখানে কোনো ধর্ম নেতা, জাতি নেই। শুধু আনঃদ আর প্রেম। উল্লেখ্য, বীরভূমের বোলপুর মহকুমার অন্তর্গত অজয় নদীর ধারে জয়দেব কেন্দুলি গ্রাম। এখানেই সাধন দাস বৈরাগ্যের 'মনের মানুষ আখড়া'। জানা গেছে, সাধন দাস বৈরাগ্য জাপানে যাওয়ার পর, মাকি কাজুমা তাঁর শিষ্যত্ব গ্রহন করেন। তাঁর কাছেই বাউল গান শেখেন। সুন্দর বাংলা ভাষায় কথা বলতে পারেন। মাত্র ৩২ বছর বয়সে দেশ ছাড়া হন। ঘর ছেড়ে বর্ধমানের আশ্রমে থাকেন কাজুমা। মাঝে মধ্যে গুরুজীর 'মনের মানুষ' আখড়ায় আসতেন। মেলার সময় থাকতেন এই আখড়ায়।

উত্তর পূর্ব রেলের জালনা-ছাপড়া-জালনা সাপ্তাহিক বিশেষ ট্রেন

দুরন্ত বার্তা, গোরক্ষপুর, ২৪ জুলাই ঃ যাত্রীদের অতিরিক্ত ভিড়ের কথা মাথায় রেখে রেল প্রশাসন ০৭৬৫১ / ০৭৬৫২ জালনা-ছাপড়া- জালনা সাপ্তাহিক বিশেষ ট্রেনের চলমান সময় বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। ০৭৬৫১ জালনা- ছাপড়া সাপ্তাহিক বিশেষ ট্রেন প্রতি বুধবার ২৭ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত জালনা থেকে চলবে এবং ০৭৬৫২ ছাপড়া-জালনা সাপ্তাহিক বিশেষ ট্রেন ২৯ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত প্রতি শুক্রবার ছাপড়া থেকে চলবে। এটিতে ভ্রমণকারী যাত্রীদের কোভিড -১৯ সম্পর্কিত সময়ে জারি করা সমস্ত মান অনুসরণ করতে হবে। ০৭৬৫১ জালনা-ছাপড়া সাপ্তাহিক বিশেষ ট্রেনটি ২৭ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত প্রতি বুধবার ২৩.৩০ টায় জালনা ছাড়বে। প্রাক্তন আওরঙ্গাবাদ ০০.২০ টায়, মনমাদ ০৪.২০ টায়, ভুসাভাল ০৬.৪০ টায়, খান্ডোয়া ০৬.৪০ টায়, খান্ডোয়া ০৫.০৮ টায় পৌঁছাবে।

পূর্ব রেলওয়ে

টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ এসজি.টেন্ডার/ডিওয়াইসিপিএম/এসএনটি/এসডিএইচ/০৬, তারিখ ঃ ২২.০৭.২০২৩। ডেপুটি সিপিএম/এস অ্যান্ড টি/জিএইউ/শিয়ালদহ, পূর্ব রেলওয়ে, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন : **ই-টেন্ডার নং ঃ ডিসিপিএম-জিএস-এসএনটি-এসডিএইচ-০৪-২৩-২৪। কাজের নাম ও তার অবস্থান** ঃ পূর্ব রেলওয়ের শিয়ালদহ ডিভিসনে এবিএসএস কাজের অন্তর্ভুক্ত এসডিএইচ, ডিডিজে, বিপি, এনএইচ, কেওয়াইআই, কেএলওয়াইজি, কেএনজে, এসটিবি, বিটিওয়াই, বিপিসি, জিইডিই, সিডিপি, বিএনজে, সিজি, এসপিআর, এমএমজি ও বিটি-তে এস অ্যান্ড টি ইনফ্রাস্ট্রাকচার অপসারণের কাজ ও টিকেএনআর-এ ৩য় লাইনের (কমন লুপ) কাজ সম্পর্কিত ঠাকুরনগর (টিকেএনআর) স্টেশনে সিগন্যালিং (সম্প্রতিকতম সংশোধনী সহ আরডিএসও/এসপিএন/১৯২/২০১৯ অনুসারে ইলেক্ট্রনিক ইন্টারলকিং সিস্টেম)-এর কাজ। **টেন্ডার মূল্যমান ঃ** ১২,২৮,৬৬,৯৩৪.৯৬ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** শূন্য। **বায়না মূল্য/বিড সিকিউরিটি জমা ঃ** ৭,৬৪,৩০০ টাকা। **কাজ সম্পাদনের সময়সীমা ঃ** ১২ মাস। **টেন্ডার জমা শুরুর তারিখ ঃ** ০৩.০৮.২০২৩। **টেন্ডার জমা বন্ধের তারিখ ঃ** ১৭.০৮.২০২৩ দুপুর ২টা। **টেন্ডার বিড খোলার তারিখ ঃ** ১৭.০৮.২০২৩ দুপুর ২.৩০ মিনিট। **বিস্তারিত বিবরণ যেখানে পাওয়া যাবে:** www.ireps.gov.in। **কারিগরি যোগ্যতামান ঃ** যে মাসে টেন্ডার আহ্বান করা হয়েছে তার আগের মাসের শেষ দিনে সম্পূর্ণ হওয়া গত ০৭ (সাত) বছর সময়কালে টেন্ডারদাতাকে নিম্নোক্ত ক্যাটিগরিভুক্ত কাজগুলির যে কোন একটির সফল সম্পাদন বা উল্লেখযোগ্য সম্পাদন করে থাকতে হবে : (১) তিনটি অনুরূপ কাজ যাদের প্রত্যেকের ব্যয় টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যমানের ৩০%-এর কম নয়, বা (২) দুটি অনুরূপ কাজ যাদের প্রত্যেকের ব্যয় বিজ্ঞাপিত মূল্যমানের ৪০%-এর কম নয়, বা (৩) একটি অনুরূপ কাজ যার ব্যয় টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যমানের ৬০%-এর কম নয়। **আর্থিক যোগ্যতামান ঃ** টেন্ডারদাতার ন্যূনতম গড় বার্ষিক চুক্তিভিত্তিক টার্নওভার V/N বা 'V', যেটি কম হবে, তার সমতুল্য হবে, যেখানে V-টেন্ডারের বিজ্ঞাপিত মূল্যমান কোটি টাকায়, N-যে কাজের জন্য বিড আহ্বান করা হয়েছে তা সম্পাদনের নির্ধারিত বছরের সংখ্যা। গড় বার্ষিক চুক্তিভিত্তিক টার্নওভার গণনা করা হবে "পরীক্ষিত ব্যালান্স শীট অনুসারে পূর্ববর্তী তিনটি আর্থিক বছরের মোট চুক্তিভিত্তিক প্রাপ্ত অর্থের" গড় হিসাবে। এক্ষেত্রে পূর্ববর্তী বছরের ব্যালান্স শীট প্রস্তুতি/পরীক্ষা না হয়ে থাকলে পূর্ববর্তী চতুর্থ বছরের পরীক্ষিত ব্যালান্স শীট-কে গড় বার্ষিক চুক্তিভিত্তিক টার্নওভার হিসাবের ক্ষেত্রে গণ্য করা হবে। টেন্ডারদাতাকে অ্যানেক্সার-VIII অফ জিসিসি ২০২২ (আলোচ্য টেন্ডার নথির ফর্ম-৬) অনুসারে প্রয়োজনীয় তথ্য জমা দিতে হবে ও তৎসহ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা যথাযথভাবে শংসিত পরীক্ষিত ব্যালান্স শীটের প্রতিলিপি/পরীক্ষিত ব্যালান্স শীট দ্বারা যথাযথভাবে সমর্থিত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট-এর শংসাপত্র জমা দিতে হবে। **জমাযোগ্য অন্যান্য নথি ঃ** টেন্ডার নথিতে যেরূপ উল্লিখিত। **অনুরূপ কাজ ঃ** প্যানেল ইন্টারলকিং কাজ সম্পর্কিত (ইন্ডোর বা ইন্ডোর আউটডোর)/রুট রিলে ইন্টারলকিং সম্পর্কিত (ইন্ডোর বা ইন্ডোর আউটডোর)/ইলেক্ট্রনিক ইন্টারলকিং সম্পর্কিত (ইন্ডোর বা ইন্ডোর আউটডোর) যে কোন কাজ যা আরডিএসও কর্তৃক অনুমোদিত মান অনুযায়ী নির্মিত, আলোচ্য টেন্ডারের ক্ষেত্রে অনুরূপ কাজ হিসাবে বিবেচিত হবে। **দ্রষ্টব্য ঃ** টেন্ডারদাতাকে টেন্ডার প্রস্তাবের সাথে টেন্ডার নথিতে উল্লিখিত যোগ্যতামান পূরণের দাবীর সমর্থনে নথি জমা দিতে হবে। টেন্ডারদাতা কর্তৃক জমা দেওয়া যোগ্যতাসূচক তথ্যের সমর্থনে প্রদত্ত নথি/শংসাপত্রের প্রতিলিপির প্রতিটি পাতা টেন্ডারদাতা কর্তৃক বা টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণকারী সংস্থার অনুমোদিত প্রতিনিধি কর্তৃক স্ব-প্রত্যায়িত/ডিজিটাল পদ্ধতিতে স্বাক্ষরিত হতে হবে। স্ব-প্রত্যয়ন স্বাক্ষর, স্ট্যাম্প ও তারিখ (প্রতিটি পাতায়) সমন্বিত হতে হবে। (SDAH-121/2023-24)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.erindianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway easternrailwayheadquarter

টি. স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড

CIN: L63040WB1986PLC040796

রেজি. অফিস ঃ ৪, নেতাজি সুভাষ রোড, ১ম ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০০১

ই-মেলঃ info@ltspiritualworld.com, ওয়েবসাইট ঃ www.tspiritualworld.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী
১ম ত্রৈমাসিক সমাপ্তে ৩০ জুন, ২০২৩
(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(লক্ষ টাকায়)

ক্র নং.	বিবরণী	ত্রৈমাসিক শেষে ৩০ জুন ২০২৩	পূর্বেকার ত্রৈমাসিক শেষে ৩১ মার্চ ২০২৩ পূর্বেকার বছর (দ্রষ্টব্য নোট নং. ২)	চলতি ত্রৈমাসিক শেষে ৩০ জুন ২০২২	বছর শেষে ৩১ মার্চ ২০২৩
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত
১	মোট আয়	০.১৮০	০.১৮০	-	০.১৮০
২	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (কর, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পূর্বে)	(৮.৯৫৬)	(৩.৭২৭)	(৮.৩৯৮)	(১৮.২৪৬)
৩	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(৮.৯৫৬)	(৩.৭২৭)	(৮.৩৯৮)	(১৮.২৪৬)
৪	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(৮.৯৫৬)	(৩.৭২৭)	(৮.৩৯৮)	(১৮.২৪৬)
৫	মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পর)	(৮.৯৫৬)	(৩.৭২৭)	(৮.৩৯৮)	(১৮.২৪৬)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	২০০০.২০০	২০০০.২০০	২০০০.২০০	২০০০.২০০
৭	সংরক্ষিত (রেভিলিউশান রিজার্ভ ছাড়া যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে)	-	-	-	(১৮২৭.৩৬৫)
৮	শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে বছর সমাপ্ত ছাড়া) মূল ও মিশ্র	(০.০৪৫)	(০.০১৯)	(০.০৪২)	(০.০৯১)

দ্রষ্টব্য ঃ

উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে- www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে- www.tspiritualworld.com।

২. ত্রৈমাসিক শেষে ৩১ মার্চ, ২০২৩ রাশি, সামঞ্জস্যপূর্ন রাশি পূর্ন আর্থিক বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২৩ এবং বছর থেকে তারিখ নিরীক্ষিত রাশি তৃতীয় ত্রৈমাসিক রাশি পর্যন্ত আর্থিক বছরে ২০২২-২৩।

বোর্ডের আদেশানুসারে
টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড-এর পক্ষে
নেত্র বাহাদুর রনভাট
সর্বক্ষণের পরিচালক
DIN No.: 06716666

তারিখ ঃ ২৪ জুলাই, ২০২৩
স্থান ঃ কলকাতা

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Director General (Civil), KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No.: KMC/EE(C)/Br-XI/103/010/2023-24/R

Name of the Work : **Renovation of cement concrete road from A/38 to A/32 East Rajapur in Ward no. 103**; Estimated Amount (including GST & CESS) : **Rs. 3,54,361.97**; Earnest Money : **Rs. 7,200.00**; Period of Completion : **90 Days**;

(2) NIT No.: KMC/EE(C)/Br-XI/103/007/2023-24/R

Name of the Work : **Desilting of underground drain at Rash Moni Bagan, Santoshpur Avenue, Lake West 4th, 3rd Road & sur